

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd)

নং-৪৬.০৪৬.০১৫.০০.০০.০০৫.২০১৪-১২৩০

তারিখ : ০৩ আগস্ট, ২০১৬

প্রেরক : ড. জুলিয়া মঈন
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
৮৩/বি, নিউ সার্কুলার রোড, মৌচাক টাওয়ার (১১ তলা), মালিবাগ, ঢাকা।

বিষয় : নবসৃষ্ট ৮টি উপজেলা পরিষদের জন্য রাজস্ব খাতে নিম্নবর্ণিত বিভিন্ন ক্যাটাগরীর ৩২(বত্রিশ)টি পদ অস্থায়ীভাবে সৃজনের আদেশ জারী।

আমি আদিষ্ট হয়ে নবসৃষ্ট ০৮টি উপজেলা পরিষদের (ময়মনসিংহ জেলার তারাকান্দা, ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর, রাজবাড়ী জেলার কালুখালী, পটুয়াখালী জেলার রাঙ্গাবালী, বরগুনা জেলার তালতলী, নাটোর জেলার নলডাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলার গুইমারা এবং সিলেট জেলার ওসমানীনগর) রাজস্ব খাতে নিম্নবর্ণিত বিভিন্ন ক্যাটাগরীর ৩২(বত্রিশ)টি পদ আদেশ জারীর তারিখ হতে ৩১ মে, ২০১৭ তারিখ পর্যন্ত অস্থায়ীভাবে সৃজনে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি:

ক্রমিক	পদের নাম	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অনুমোদিত পদ	জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বেতনক্রম
১	সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	১ X ৮ = ৮(আট)টি	১০২০০-২৪৬৮০ (১৪ নং স্কেল)
২	গাড়ি চালক	১ X ৮ = ৮(আট)টি	৯৩০০-২২৪৯০ (১৬ নং স্কেল)
	অফিস সহায়ক	২ X ৮ = ১৬ (ষোল)টি	৮২৫০-২০০১০/- (২০ নং স্কেল)
	মোট=	৩২(বত্রিশ) টি	-

২। এ বাবদ যাবতীয় ব্যয় উপজেলা পরিষদের ২০১৬-২০১৭ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের কোড নং ৩৬০১, উপজেলা-হস্তান্তরিত বিষয়াবলী, ৫৯০০ সাহায্য মঞ্জুরী খাতের ৫৯০১ সাধারণ মঞ্জুরী উপখাত হতে নির্বাহ করা হবে।

৩। এ পদ সৃষ্টির আদেশ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪ জুলাই, ২০১৫ তারিখের ০৫.০০.০০০০.১৫৪.১৫.০১৩.১৫-১৮০ সংখ্যক পত্র, অর্থ বিভাগের ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৬ এর ১৩ অক্টোবর, ২০১৫ তারিখের ০৭.১৫৬.০২৬.১০.০৪.০১.২০০৮-৪৮৩ সংখ্যক পত্র, অর্থ বিভাগের বাস্তবায়ন অধিশাখা-২ এর ০৩ ডিসেম্বর, ২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৬২.৪৭.০০১.১৩-২৩৭ সংখ্যক পত্র এবং মন্ত্রিপরিষদ বিভাগের ২৬ জুন, ২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০১১.১৬-২৩৬ নং স্মারকে প্রদত্ত সম্মতির পরিপ্রেক্ষিতে জারী করা হলো।

৪। বর্ণিত কর্মচারী নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগ হতে ৩০ নভেম্বর, ২০১০ তারিখে জারিকৃত উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী) বিধিমালা, ২০১০ (এস.আর.ও নং-৩৮৭-আইন/২০১০) অনুসরণ করতে হবে।

৫। উল্লিখিত পদ সংরক্ষণ ও স্থায়ীকরণে মন্ত্রিপরিষদ বিভাগের ০৩ মে, ২০০৩ তারিখের মপবি/কগবিঃশাঃ/কপগ-১১/২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশের নির্দেশনা অনুসরণ করতে হবে।

৬। ইতোপূর্বে সৃজিত ১৯৩৪টি পদসহ নবসৃষ্ট ৮টি উপজেলা পরিষদের (ময়মনসিংহ জেলার তারাকান্দা, ব্রাহ্মণবাড়িয়া জেলার বিজয়নগর, রাজবাড়ী জেলার কালুখালী, পটুয়াখালী জেলার রাজাবালী, বরগুনা জেলার তালতলী, নাটোর জেলার নলডাঙ্গা, খাগড়াছড়ি পার্বত্য জেলার গুইমারা এবং সিলেট জেলার ওসমানীনগর) ৩২টি সর্বমোট ১৯৬৬টি পদ সাংগঠনিক কাঠামোভুক্ত করা হলো।

৭। এ সৃজনাদেশ জারীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে এবং যাবতীয় আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে।

স্বা/

(ড. জুলিয়া মঈন)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৬২২৪৭

নং-৪৬.০৪৬.০১৫.০০.০০.০০৫.২০১৪-১২৩০

তারিখ : ০৩ আগস্ট, ২০১৬

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকাকে পৃষ্ঠাংকন করার জন্য অর্থ বিভাগে (দৃ:আ: উপসচিব, ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা শাখা-৬) ৩ প্রস্থ অনুলিপি প্রেরণ করা হলো। পৃষ্ঠাংকিত জিও এর একটি অনুলিপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য ব্যয় নিয়ন্ত্রণ-৬ শাখাকে অনুরোধ করা হলে। অর্থ বিভাগ এবং মন্ত্রিপরিষদ বিভাগের প্রদত্ত সম্মতিক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বা/

(ড. জুলিয়া মঈন)

সিনিয়র সহকারী সচিব

নং-

তারিখ:

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ৮৩/বি, নিউ সার্কুলার রোড, মোচাক টাওয়ার (১১ তলা), মালিবাগ, ঢাকাকে অনুলিপি প্রেরণ করা হলো। এতে অর্থ বিভাগের (ব্যয় নিয়ন্ত্রণ-৬) সম্মতি রয়েছে:

উপ-সচিব

ফোন: ৯৫৫০৭৩০

নং-৪৬.০৪৬.০১৫.০০.০০.০০৫.২০১৪-১২৩০

তারিখ : ০৩ আগস্ট, ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ/জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক (সংশ্লিষ্ট),.....জেলা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট),.....উপজেলা,.....জেলা।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

J.Amin

(ড. জুলিয়া মঈন)

সিনিয়র সহকারী সচিব